

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৬৯০

২৭/ শিষ্টাচার (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ২৭/১০. দাস-দাসীর সাথে দয়ার্দ্র ব্যবহার

بَابِ الْإِحْسَانِ إِلَى الْمَمَالِيكِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا وَكِيعٌ، حَدَّثَنَا الأَعْمَشُ، عَنِ الْمَعْرُورِ بْنِ سُويْدٍ، عَنْ أَبِي ذَرِّ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " إِخْوَانُكُمْ جَعَلَهُمُ اللَّهُ تَحْتَ أَيْدِيكُمْ فَأَطْعِمُوهُمْ مِمَّا تَلْبَسُونَ وَلاَ تُكَلِّفُوهُمْ مَا يَعْلِبُهُمْ فَإِنْ كَلَّفْتُمُوهُمْ فَأَعِينُوهُمْ فَأَعِينُوهُمْ " .

বাংলা

১/৩৬৯০। আবৃ যার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ (এরা) তোমাদের ভাই, আল্লাহ তাদেরকে তোমাদের অধীনস্থ করেছেন। অতএব তোমরা যা খাও, তাদেরকেও তা খাওয়াও, তোমরা যা পরিধান করো, তাদেরকেও তা পরিধান করাও এবং তাদের উপর তাদের সাধ্যাতীত কাজ চাপিও না, যদি চাপাও তবে তোমরা (সেই কাজে) তাদের সাহায্য করো।

English

It was narrated that Abu Dhar said:

"The Messenger of Allah said: '(Slaves are) your brothers whom Allah has put under your control, so feed them with the same food that you eat, clothe them with the same clothes you wear, and do not burden them with so much that htey are overwhelmed; if you do burden them, then help them."

ফুটনোট

সহীহুল বুখারী ৩০, মুসলিম ১৬৬১, তিরমিয়ী ১৯৪৫, আবূ দাউদ ৫১৫৭, ৫১৫৮, আহমাদ ২০৯০০, ২০৯২১, ইরওয়া ২১৭৬। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী ফারকাদ আস-সাখাবী সম্পর্কে আবু আহমাদ আল-হাকিম তাকে দুর্বল বলেছেন। আবু হাতিম আর-রায়ী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়। আবু



যুরআহ আর-রাযী তাকে দুর্বল হিসেবে উল্লেখ করেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস গ্রহনে শিথিল ও হাদিস বর্ণনায় অধিক ভুল করেন ইয়াকুব বিন শায়বাহ বলেন, তিনি হাদিস বর্ণনায় অধিক দুর্বল। (তাহযীবুল কামালঃ রাবী নং ৪৭১৫, ২৩/১৬৪ নং পৃষ্ঠা)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন